

সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৩/ ২৩৩

১০ অক্টোবর ২০২৩

সম্মানিত সকল সদস্য  
বিজিএমইএ।

**বন্যাদুর্গত এবং শীতার্থীদের মাঝে সহায়তা প্রদান প্রসঙ্গে**

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশের অর্থনীতিতে তৈরি পোশাক শিল্প বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

সম্প্রতি দেশের উত্তরাঞ্চলে আকস্মিক ভয়াবহ বন্যা পরিস্থিতি উদ্ভবের কারণে বিভিন্ন এলাকায় মানুষ দুর্বিষহ জীবন যাপন করছে। এই বিপর্যয়ে অসহায় মানুষের সাহায্যার্থে এগিয়ে আসা সর্ববৃহৎ রপ্তানীকারক খাত হিসাবে তৈরি পোশাক শিল্পের একটি সামাজিক দায়িত্ব। সামাজিক দায়িত্বের অংশ হিসাবে আপনাদের প্রদত্ত সাহায্য বিজিএমইএ থেকে দুর্গত মানুষের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহন করা হবে।

আপনারা আরো অবগত আছেন যে, আর কিছু দিনের মধ্যে শীত মৌসুম আসন্ন। তাই প্রতি বছরের ন্যায় বিজিএমইএ এবারও আসন্ন শীত মৌসুমে অসহায় শীতার্থ মানুষদের মাঝে শীত বস্ত্র বিতরণের উদ্যোগ গ্রহন করেছে।

আমরা বিশ্বাস করি এই মহতী উদ্যোগে আপনারা পূর্বের ন্যায় অকৃত্রিমভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিবেন। বিজিএমইএ মানুষের কল্যাণে বিভিন্ন সময়ে বিভিন্ন জনকল্যানমূলক উদ্যোগ গ্রহন করে থাকে।

এমতাবস্থায় বন্যার্তদের এবং শীতার্থ মানুষের কষ্ট নিবারনের কথা চিন্তা করে সম্মানিত পোশাক শিল্প মালিকদের নিজ নিজ সামর্থ্য অনুযায়ী শুকনা খাবার, বিশুদ্ধ পানি, ঔষধ, স্যালাইন, মোমবাতি, মশার কয়েল, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, বাচ্চাদের উপযোগী খাদ্যসামগ্রী এবং নারী, পুরুষ এবং বাচ্চাদের শীতবস্ত্র, কম্বল এবং নগদ অর্থ সহায়তার জন্য বিজিএমইএ'র নিম্নোক্ত কর্মকর্তার সাথে যোগাযোগের করার বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।


প্রয়োজনীয় খাদ্য, বস্ত্র, ঔষধ সামগ্রী এবং অন্যান্য সামগ্রী প্রদানের জন্য	আর্থিক অনুদান প্রদানের জন্য
জনাব আবুল হোসেন যুগ্ম সচিব, সিএমসি/এসএসডি শাখা মোবাইল ০১৯১৩-৫২৯৯৩০	জনাব সঞ্জীব প্রসাদ ঘোষ সিনিয়র উপ-প্রধান হিসাবরক্ষক (মোবাইলঃ ০১৭৫৫-৬১৮৩০৮)

আপনাদের প্রদত্ত অনুদান নিম্নেবর্ণিত একাউন্টে জমা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

A/C Name : **BGMEA Disaster Relief Account**  
A/C No. : **1017124226001**  
Bank : **IFIC Bank Ltd., Kawran**  
**Bazar Branch (Router No.: 120262531)**  
Address : **03, Petro Centre, Kawran Bazar,**  
**Dhaka-1215**

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান  
সভাপতি

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**  
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •